গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স

কার্যক্রম পরিচালনায়: BILS-Policy Support and Campaign for Workplace Safety & Livelihoods Security for Workers

(শ্রমজীবী মানুষের জীবন ও জীবিকার নিরাপত্তার জন্য ক্যাম্পেইন)

সহযোগীতায় : মানুষের জন্য ফাউন্ডেশন

ভূমিকা:

দেশের সবচেয়ে অবহেলিত ও সুরক্ষা বঞ্চিত ১৪ লাখের ও বেশী গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভুক্তির মাধ্যমে শ্রমিক হিসেবে স্বীকৃতি প্রদান সহ তাদের জন্য সংবিধান ও প্রচলিত শ্রম আইনে বর্ণিত সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশন ও মানবাধিকার সংগঠনসমূহের সমন্বয়ে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক ২০০৬ সাল থেকে কাজ করে যাচ্ছে।

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৫ ইং পর্যন্ত যেসব কর্মসূচী পরিচালিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কর্মসূচী নিম্নে তুলে ধরা হলো:

১. 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি-২০১৫' অনুমোদন:

"গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫' অনুমোদন পরবর্তী ধন্যবাদ জ্ঞাপন ও নীতি বাস্তবায়ন" বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় সচিব এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে নেটওয়ার্ক নেতৃবৃন্দের মতবিনিময় সভা ২৪ ডিসেম্বর ২০১৫ বাংলাদেশ সচিবালয়স্থ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। ২১ ডিসেম্বর, ২০১৫ সরকার কর্তৃক 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ অনুমোদন উপলক্ষ্যে ধন্যবাদ জ্ঞাপন ও বাস্তবায়নে ভবিষ্যত করণীয় বিষয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় সচিব এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে নেটওয়ার্ক নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করার জন্য সভাটির আয়োজন করা হয়। উক্ত সভায় নেটওয়ার্ক ভূক্ত মানবাধিকার সংগঠনসমূহ, জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনের নেতৃস্থানীয় নেতৃবৃন্দ, বিল্‌স নেতৃবৃন্দ এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বিল্‌স এর সম্পাদক ডা. ওয়াজেদুল ইসলাম খান।

১.২ গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ শীর্ষক আলোচনা সভা

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে **"গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫' অনুমোদনের প্রেক্ষিতে আনুষ্ঠানিক ভাবে সকলকে অবহিতকরণ ও নীতি বাস্তবায়নে ভবিষ্যৎ করণীয়"** শীর্ষক আলোচনা সভা ২৭ ডিসেম্বর ২০১৫, জাতীয় প্রেস ক্লাবের অডিটরিয়াম রুমে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক এমপি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন গৃহকর্মীদের শ্রম অধিকার আইনে পরিণত করা হবে। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মিকাইল শিপার ও শ্রমিক নিরাপত্তা ফোরামের আহব্বায়ক ড. হামিদা হোসেন। সভায় সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ সচিব (শ্রম) জনাব মোঃ আমিনুল ইসলাম, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবি সমিতির নির্বাহী পরিচালক এডভোকেট সালমা আলী। সভায় স্বাগত বক্তব্য রাখেন বিল্‌স এর সম্পাদক ডা. ওয়াজেদুল ইসলাম খান। আলোচনা সভার সভাপতিত্ব করেন বিল্‌স এর ভাইস চেয়ারম্যান শিরীন

আখতার এম.পি। সভায় গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের অন্তভূর্ক্ত সংগঠন সমূহের নেতৃবৃন্দ সহ জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনের নেতৃবৃন্দ এবং সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

১.৩ 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ অনুমোদন ও পরবর্তী করণীয়' বিষয়ে ২১ অক্টোবর ২০১৫, বিল্‌স সেমিনার হলে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর সচিব জনাব মিকাইল শিপার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ সচিব (শ্রম) জনাব আমিনুল ইসলাম। সভায় সভাপতিত্ব করেন বিল্‌স এর সম্পাদক ও বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক ডাঃ ওয়াজেদুল ইসলাম খান। সভায় নেটওয়ার্ক এর সহযোগী জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনসমূহের নেতৃবৃন্দ, মানবাধিকার সংগঠনসমূহের নেতৃবৃন্দ এবং গৃহশ্রমিক সংগঠিতকরণ কার্যক্রমে সম্পৃক্ত সংগঠকগণ অংশগ্রহণ করেন।

২. নেটওয়ার্কের মতবিনিময় সভা:

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক-এর উদ্যোগে নেটওয়ার্কের মতবিনিময় সভা ৬ ও ১২ জানুয়ারি ২০১৫ এবং ২৪ আগষ্ট ২০১৫ বিল্‌স সেমিনার হলে অনুষ্ঠিত হয়। সভাসমূহে সভাপতিত্ব করেন বিলস এর সহকারী নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ। সভায় উপস্থিত ছিলেন গৃহশ্রমিক সংগঠিতকরণ কার্যক্রমে সম্পৃক্ত জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনসমূহের নেতৃবৃন্দ, মানবাধিকার সংগঠন সমূহের প্রতিনিধিগণ। সভায় নেটওয়ার্ক কার্যক্রমের অগ্রগতি সমূহ এবং এলাকা ভিত্তিক গৃহশ্রমিক সংগঠিত করণ কার্যক্রমে চ্যালেঞ্জ এবং বাধা মোকাবেলায় করণীয় বিষয়ে আলোচনা করা হয়।

৩. নেটওয়ার্ক এর উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস, মহান মে দিবস ও বিশ্ব মানবাধিকার দিবস উদযাপন:

৩.১ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে 'গৃহশ্রমিকদের অধিকার, মর্যাদা ও নিরাপত্তায় আইন চাই' শীর্ষক সমাবেশ ও র‍্যালি:

'গৃহশ্রমিকদের অধিকার, মর্যাদা ও নিরাপত্তায় আইন চাই' এই শ্লোগানকে সামনে রেখে আন্তর্জাতিক নারী দিবস ২০১৫ উদ্‌যাপন উপলক্ষে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষ থেকে ৮ মার্চ ২০১৫ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচী পালন করা হয়। জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে গৃহশ্রমিক সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সমাবেশ ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিল্‌স এর সম্পাদক ও বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র এর সাধারণ সম্পাদক ডাঃ ওয়াজেদুল ইসলাম খান। সমাবেশে গৃহশ্রমিকদের দাবীর সাথে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য জনাব মো: ইসরাফিল আলম এম.পি, বিল্‌স এর যুগ্ম মহাসচিব জনাব জাফরুল হাসান, অক্সফাম এর প্রোগ্রাম ম্যানেজার এন্ড এ্যাক্টিং সিডি জনাব এম. বি. আখতার। সমাবেশ ও র‍্যালিতে মোট উপস্থিত ছিলেন ৩৫৯ জন। এছাড়াও একটি ট্রাক এর মাধ্যমে ঢাকা শহরের বিভিন্ন এলাকায় নারী শ্রমিকদের অধিকার বিষয়ক সঙ্গীত

পরিবেশনা ও গৃহশ্রমিকদের অধিকার বিষয়ক সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়। উল্লেখ্য যে, ৭, ১৯ ফেব্রুয়ারি ও ১২ মার্চ ২০১৫ গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা কর্তৃক গঠিত নারী দিবস উদযাপন উপলক্ষে সাব কমিটির ২ টি প্রস্তুতিমূলক মতবিনিময় সভা ও ১ টি মূল্যায়নসভা বিল্‌স কার্যালয়, ধানমন্ডি, ঢাকায় অনুষ্ঠিত হয়।

৩.২ মহান মে দিবস ২০১৫ উদযাপন : মহান মে দিবস উদযাপন উপলক্ষে ০১ মে ২০১৫ জাতীয় প্রেস ক্লাব, ঢাকায় গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষ থেকে গৃহশ্রমিক হত্যা, নির্যাতনের সকল ঘটনার বিচার,নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি, গৃহশ্রমিক নিবন্ধন পরিদর্শন ব্যবস্থা চালু করার দাবী সমূহকে সামনে রেখে একটি সমাবেশ ও র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিতে নেটওয়ার্কভুক্ত বাংলাদেশের খ্যাতনামা মানবাধিকার সংগঠনসমূহ ও জাতীয়ভিত্তিক ট্রেড ইউনিয়ন ফেডারেশন এবং পেশাজীবি সংগঠনের নেতৃবৃন্দ ও প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

৩.৩ বিশ্ব মানবাধিকার দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে গৃহশ্রমিক সমাবেশ ও মানবন্ধন: 'গৃহশ্রমিকদের মানবাধিকার সুরক্ষায় সোচ্চার হউন, সক্রিয় হউন' শ্লোগানকে সামনে রেখে বিশ্ব মানবাধিকার দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে ১০ ডিসেম্বর ২০১৫, বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত জাতীয় প্রেসক্লাবের সামনে গৃহশ্রমিক সমাবেশ ও মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। সমাবেশে ঢাকা শহরের বিভিন্ন এলাকা থেকে ট্রেড ইউনিয়ন ও মানবাধিকার সংগঠনের উদ্যোগে সংগঠিত তিন শতাধিক গৃহশ্রমিক অংশগ্রহণ করেন। কর্মসূচীতে নেটওয়ার্কভুক্ত বাংলাদেশের খ্যাতনামা মানবাধিকার সংগঠনসমূহ, জাতীয়ভিত্তিক ট্রেড ইউনিয়ন ফেডারেশন সমূহের নেতৃবৃন্দ, পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ ও প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন এবং জাতীয় পর্যায়ের নেতৃবৃন্দ সংহতি প্রকাশ করেন।

৪. সেমিনার ও গোলটেবিল বৈঠক:

শ্রম অধিকার ফোরাম ও গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর যৌথ আয়োজনে **"অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিক: স্বীকৃতি, অধিকার ও সামাজিক সুরক্ষা"** শীর্ষক সেমিনার ২২ জানুয়ারি ২০১৫, গোলটেবিল মিলনায়তন, ঢাকা রিপোটার্স ইউনিটি, সেগুনবাগিচায় বাংলাদেশ অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বক্তব্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো: মুজিবুল হক এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য জনাব মো: ইসরাফিল আলম এম.পি। জাতীয় ট্রেড ইউনিয়নের সিনিয়র নেতৃবৃন্দ, স্কপ নেতৃবৃন্দ, মানবাধিকার সংগঠন নেতৃবৃন্দ ও শ্রমিকরা উপস্থিত ছিলেন।

৪.১ গোলটেবিল বৈঠক:

রামরু ও গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক-এর আয়োজনে **"বাংলাদেশে গৃহকর্মীদের জন্য নীতি প্রনয়নের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ সমূহের মূল্যায়ন"** শীর্ষক গোলটেবিল আলোচনা সভা

১৯ এপ্রিল ২০১৫ প্রেসক্লাব এর ভিআইপি লাউঞ্জে অনুষ্ঠিত হয়। বৈছকে স্বাগত বক্তব্য রাখেন বিল্‌স এর পক্ষে মোঃ জাফরুল হাসান এবং রামরুর পক্ষে প্রফেসর ড. তাসনিন সিদ্দিক। গোলটেবিল আলোচনা সভার সঞ্চালনা করেন গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর সমন্বয়ক সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ। উক্ত গোলটেবিল আলোচনায় সভাপতিত্ব করেন জনাব ইসরাফিল আলম এমপি, সংসদীয় স্থায়ী কমিটি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রলালয়। জাতীয় পর্যায়ের ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, রামরুর কর্মকর্তাবৃন্দ, নেটওয়ার্কভূক্ত সংগঠনের নেতৃবৃন্দ সহ উন্নয়নমূলক সংগঠন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ উক্ত গোলটেবিলে অংশ নেন এবং প্যানেল আলোচনায় অংশ নিয়ে তাদের মূল্যবান বক্তব্য ও সুপারিশসমূহ প্রদান করেন। সভায় মোট উপস্থিত ছিলেন ৫০ জন যার মধ্যে পুরুষ ২০ জন এবং নারী ৩০ জন।

৫. গৃহশ্রমিক অধিকার সংক্রান্ত সভাঃ

জানুয়ারি–ডিসেম্বর ২০১৫ পর্যন্ত নেটওয়ার্ক-এর অন্তর্ভুক্ত বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংগঠন গৃহশ্রমিকদের অধিকার সংক্রান্ত সভার আয়োজন করে। ঢাকা জেলার ৯ টি এলাকায় ৯৫ টি সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে মোট অংশগ্রহণকারী ছিলেন ১৬০১ জন এর মধ্যে জন নারী ১৫৫৭ ও ৪৪ জন পুরুষ। উক্ত সভাসমূহে এলাকা ভিত্তিক গৃহশ্রমিক সংগঠিতকরণ, শ্রম আইন ২০০৬ এ গৃহশ্রমিকদের অন্তর্ভুক্তি ও আইএলও কনভেনশন ১৮৯ এর অনুসমর্থন সহ ‘যেখানেই গৃহশ্রমিক নির্যাতন সেখানেই প্রতিবাদ’ বিষয়ক বিভিন্ন বিষয়ে সচেতনতা মূলক আলোচনা অনুষ্ঠিত হয়।

৬. নেটওয়ার্ক এর উদ্যোগে “যেখানেই নির্যাতন সেখানেই প্রতিবাদ” কর্মসূচীঃ

- শিশু গৃহকর্মী বীথি আক্তার (১০) এর উপর অমানবিক নির্যাতনের প্রতিবাদ ও নির্যাতনকারীদের শাস্তির দাবীতে ২২ আগষ্ট ২০১৫, জাতীয় প্রেসক্লাবের সামনে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষ থেকে একটি মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। মানববন্ধনে বক্তাগণ অবিলম্বে নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান ও গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০ দ্রুত অনুমোদনের জন্য সরকারের নিকট দাবী জানান। মানববন্ধনে স্থানীয় গৃহশ্রমিক, নাগরিক সমাজের প্রতিনিধি এবং বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

- শিশু গৃহকর্মী মাহফুজা আক্তার হ্যাপি (১১) এর উপর অমানবিক নির্যাতনের প্রতিবাদে এবং নির্যাতনকারী ক্রিকেটার শাহাদাৎ ও তার স্ত্রীর শাস্তির দাবীতে ০৮ সেপ্টেম্বর ২০১৫, জাতীয় প্রেসক্লাবের সামনে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষ থেকে একটি মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। মানববন্ধনে স্থানীয় গৃহশ্রমিক, নাগরিক সমাজের প্রতিনিধি, বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

- শিশু গৃহকর্মী শিমু আক্তার (১৬) কে নির্মম নির্যাতনের মামলাটি দ্রুত বিচার আইনে নিষ্পত্তি, নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি, শিমুর উন্নত চিকিৎসা ও তার পরিবারকে ক্ষতিপূরণ প্রদান নিশ্চিত করা সহ সারাদেশে গৃহশ্রমিকদের উপর অব্যাহত নির্যাতনের তীব্র প্রতিবাদ এবং গৃহশ্রমিক সুরক্ষায় অবিলম্বে আইন প্রণয়নের দাবীতে মানববন্ধন ও প্রতিবাদ সভা ১৩ মে ২০১৫, জাতীয় প্রেস ক্লাবের সামনে, ঢাকায় অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নেটওয়ার্কভুক্ত বাংলাদেশের খ্যাতনামা মানবাধিকার সংগঠনসমূহ ও জাতীয়ভিত্তিক ট্রেড ইউনিয়ন ফেডারেশন সমূহের নেতৃবৃন্দ এবং পেশাজীবি সংগঠনের নেতৃবৃন্দ ও প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। মানববন্ধন কর্মসূচীর সভাপতিত্ব করেন বিল্‌স এর সম্পাদক ও বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক ডাঃ ওয়াজেদুল ইসলাম খান।

- ধানমন্ডিতে গৃহশ্রমিক মঞ্জু রাণী দাস (৫০) এবং ঢামেক হাসপাতালে শিশু গৃহশ্রমিক শিল্পি (১৩) মৃত্যুর ঘটনার সুষ্ঠ তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে ২৬ ডিসেম্বর ২০১৫ জাতীয় প্রেস ক্লাবের সামনে একটি প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।